প্রিন্ট: ৩১ জুলাই ২০২৫, ১১:২৪ এএম

শিক্ষাঙ্গন

# রাবি ভিসি চাঁদার নামে শত শত কোটি টাকা হাতিয়ে নিয়েছেন কিনা

প্রশ্ন ছাত্রদল নেতার

রাবি প্রতিনিধি

প্রকাশ: ৩০ জুলাই ২০২৫, ১০:৪৯ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রদলের নবগঠিত কমিটির সভাপতি সুলতান আহমেদ রাহী বলেছেন, রাবি ভিসি সাধারণ শিক্ষার্থীদের রক্তের উপর প্রতারণা করেছেন। তিনি প্রশাসনে বসে তথাকথিত কিছু ছাত্রদের ব্যবহার করে বিভিন্ন ব্যাংক ও সরকারি প্রতিষ্ঠানে চাঁদার নামে শত শত কোটি টাকা হাতিয়ে নিয়েছেন কিনা—সেই প্রশ্ন রেখে গেলাম প্রশাসনের কাছে।

বুধবার (৩০ জুলাই) বিকালে বিশ্ববিদ্যালয়ের বুদ্ধিজীবী চত্বরে নবগঠিত কমিটির আয়োজনে আনন্দ মিছিলের পূর্বে এক সংক্ষিপ্ত সমাবেশে এসব কথা বলেন তিনি।

মিছিলপূর্ব সংক্ষিপ্ত সমাবেশে সভাপতির বক্তব্যে ছাত্রদল সভাপতি বলেন, ভিসি কত টাকা কমিশন খেয়ে চাঁদার সুপারিশ করেছেন এই প্রশ্ন শিক্ষার্থীদের। যদি তা সত্য হয়, তবে তার চেয়ার ছিঁড়ে পদ্মা নদীতে ফেলে দেওয়ার আহ্বান জানাচ্ছি।

সুলতান আহমেদ রাহী আরও বলেন, ভিসি স্যারকে ব্যাখ্যা করতে হবে, তিনি কি শিক্ষার্থীদের শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে বসেছেন, নাকি তথাকথিত ছাত্রনেতাদের ব্যাংক ব্যালেন্স বাড়াতে?

রাকসু নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন যদি মনে করে মহড়া দিয়ে রুয়ার মতো রাকসু দখল করে নেবে, তাহলে তাদের বলব—চোখে একটু পানি দেন। শত শত শিক্ষার্থী জীবনের রক্ত দিয়ে দেবে, তবুও প্রহসনমূলক রাকসু নির্বাচন ছাত্রদলসহ সাধারণ শিক্ষার্থীরা হতে দেবে না।

সমাবেশের পর সন্ধ্যা ৬টার দিকে বিশ্ববিদ্যালয়ের বুদ্ধিজীবী চত্বর থেকে এ মিছিল শুরু হয়ে আবার একই স্থানে এসে মিলিত হয়।

এ সময় তারা ‘জিয়ার সৈনিক, এক হও লড়াই করো,’ ‘শিক্ষা ঐক্য প্রগতি ছাত্রদলের মূলনীতি’, ‘কে বলে রে জিয়া নাই, জিয়া সারা বাংলায়’, ‘রাহী-জহুরুল পরিষদ, সবার সেরা পরিষদ,’ ‘অ্যাকশান টু অ্যাকশান ডাইরেক্ট অ্যাকশান,’ ‘একাত্তরের দালালেরা, হুঁশিয়ার সাবধান,’ ‘রাজাকারের ঠিকানা, এই বাংলায় হবে না’ ইত্যাদি স্লোগান দেন।

শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক সর্দার জহুরুলের সঞ্চালনায় সংক্ষিপ্ত সমাবেশে আরও বক্তব্য রাখেন- সংগঠনটির সিনিয়র সহ-সভাপতি শাকিলুর রহমান সোহাগ, সাংগঠনিক সম্পাদক মাহমুদুল হাসান মিঠু প্রমুখ।

প্রসঙ্গত, দীর্ঘ ৪ বছর পর মঙ্গলবার রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের আংশিক কমিটি ঘোষণা করেছে কেন্দ্রীয় ছাত্রদল।

X